# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৬৪৩

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - মাইয়্যিতের গোসল ও কাফন

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَتْلَى أُحُدٍ أَنْ ينزع عَنْهُم الْحَدِيدُ وَالْجُلُودُ وَأَنْ يُدْفَنُوا بِدِمَائِهِمْ وَثِيَابِهِمْ. رَوَاهُ أَبُو دَاوُد وَابْنُ مَاجَهْ

### বাংলা

১৬৪৩-[১০] ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উহুদ যুদ্ধের ’শাহীদদের’ শরীর থেকে লোহা, (হাতিয়ার, শিরস্ত্রাণ) চামড়া ইত্যাদি (যা রক্তমাখা নয়) খুলে ফেলার ও তাদেরকে তাদের রক্ত ও রক্তমাখা কাপড়-চোপড়সহ দাফন করতে নির্দেশ দেন। (আবূ দাঊদ, ইবনু মাজাহ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৩১৩৪, ইবনু মাজাহ্ ১৫১৫, আহমাদ ২২১৭, ইরওয়া ৭১০। আলবানী (রহঃ) বলেন এর সানাদে আত্ব বিন আস্ সায়িব একজনে ‘‘মুখতালাত্ব ফি’’ রাবী এবং ‘আলী ইবনু ‘আসিম সত্যবাদী কিন্তু ভুল করে যেমনটি ইবনু হাজার (রহঃ) বলেছেন।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের ভাষ্য মতে শাহীদ ব্যক্তিদেরকে গোসল দেয়া হবে না। আর শাহীদদেরকে গোসল দেয়া হবে না। এ সংক্রান্ত অনেক হাদীস রয়েছে যা ইবনু তায়মিয়্যাহ্ মুনতাকা কিতাবে উল্লেখ করেছেন এবং শাওকানী নায়লুল আওতারে। হাদীস আরো প্রমাণ করে, শাহীদ ব্যক্তিকে যে কাপড়ে নিহত হয়েছেন ঐ কাপড়েই কাফন সম্পন্ন করতে হবে এবং তার কাছ হতে লৌহ বস্ত্র ও চর্মবস্ত্র ও যুদ্ধের সরঞ্জাম খুলে নিতে হবে। ইমাম আহমাদ বর্ণনা করেছেন, ‘আবদুল্লাহ বিন সা‘লাবাহ্ হতে বর্ণিত, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ উহুদের যুদ্ধে তাদেরকে (শাহীদেরকে) তাদের কাপড়েই আবৃত কর।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56203

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন